


ষুণ্ঠাত্মক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫ম নন-ফিকশন বইমেলা শুরু

প্রকাশ : ১৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



চাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ৩ দিনব্যাপী ৫ম নন-ফিকশন বইমেলা। বিজনেস স্টাডিজ অনুষদ চতুরে মঙ্গলবার বইমেলার উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদ এবং দৈনিক বণিক বার্তা যৌথভাবে এর আয়োজন করছে। ৫ম নন-ফিকশন বইমেলায় দেশের ২৬টি প্রকাশনা সংস্থা অংশ নিচ্ছে। মেলায় সব বইয়ে ৩০ ভাগ মূল্য ছাড়ের ঘোষণা দেয়া হয়েছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা উন্মুক্ত থাকবে। আগামী ১৪ নভেম্বর শেষ হবে এ বইমেলা।

বণিক বার্তা সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদের সভাপতিত্বে মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রহবাইয়াতুল ইসলাম, বাংলাদেশ ইলেক্ট্রিক্যাল অব ব্যাংক ম্যানেজমেন্টের (বিআইবিএম) মহাপরিচালক ড. আকতুরুজ্জামান, সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আতাউর রহমান প্রধান, জনতা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুজ ছালাম আজাদ, অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. শামস-উল-ইসলাম, রূপলী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. ওবায়েদ উল্লাহ্ আল মাসুদ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো. আলী, ইসলামী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক আবু রেজা মো. ইয়াহিয়া প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।